



২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/২২৮৫

তারিখ : ১৫/০৩/২০১৭

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা ২০১৫ এর ফলাফল প্রেরণ ও পুনঃপরীক্ষার ফি জমা দান প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে আপনি অবগত আছেন যে, বিএ এবং বিএসএস পরীক্ষা ২০১৫ এর ফল গত ১৫/১২/২০১৬ তারিখে প্রকাশিত হয়েছে। পুনঃ নিরীক্ষণ এবং ফলাফল না পেয়ে যে সকল শিক্ষার্থী আবেদন করেছেন তাদের মধ্যে চূড়ান্তভাবে উত্তীর্ণ শিক্ষার্থীদের গেজেট এতদসাথে প্রেরণ করা হলো। ফলাফলে চূড়ান্তভাবে উত্তীর্ণ পরীক্ষার্থীদের সিজিপিএ (CGPA)-**bou.ac.bd** এবং পুনঃনিরীক্ষণ/সিমেন্টার ভিত্তিক বিস্তারিত ফলাফল **exam.bou.edu.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

- ২। যে সকল শিক্ষার্থী নিয়মিত সিমেন্টারের রেজিস্ট্রেশনকৃত কোর্স বাদ দিয়ে ১০টি কোর্সের ফলাফল চেয়েছে তাদের ফলাফল প্রকাশ করা হয়নি। এ সকল শিক্ষার্থীদের নিয়মিত সিমেন্টারের রেজিস্ট্রেশনকৃত কোর্স সঠিক রেখে অন্যান্য সিমেন্টারের পুনঃ পরীক্ষার কোর্সসহ সর্বোচ্চ ১০টি কোর্স নির্ধারণ করে আঞ্চলিক কেন্দ্র হতে তালিকা পরীক্ষা বিভাগে প্রেরণ করার পর তাদের ফলাফল প্রকাশ করা হবে।
- ৩। বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৫ এর প্রকাশিত ফলাফলের প্রেক্ষিতে অভিযোগ দাখিলকারী এবং পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে এবং যাদের ফলাফল অপরিবর্তিত রয়েছে কেবলমাত্র সে সকল শিক্ষার্থী আগামী ১৬/০৩/২০১৭ থেকে ২৮/০৩/২০১৭ তারিখ পর্যন্ত নির্ধারিত ব্যাংকে পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক / উপ-আঞ্চলিক কেন্দ্রে আবেদন করতে পারবে।
- ৪। বাউবি'র পরীক্ষা বিভাগ হতে জারীকৃত ১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২৪৭ তারিখ:১১/০১/২০১৭ পত্র মোতাবেক বিএ এবং বিএসএস প্রোগ্রামের শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের জন্য ২৩/০২/২০১৭ তারিখ উত্তীর্ণ সময়কাল আগামী ১৬/০৩/২০১৭ থেকে ২৮/০৩/২০১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উল্লিখিত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক তালিকা আগামী ৩১/০৩/২০১৭ তারিখের মধ্যে Hard কপি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর এবং Soft কপি **exam.cu@bou.edu.bd** ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়সমূহ আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র ও স্টাডি সেন্টারসহ শিক্ষার্থীদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ,

(Signature)
২৪/৩/১৭

(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)

পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১। ডীন, এসএসএইচএল, বাউবি।
- ২। পরিচালক, এস এস এস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।